

আন্তর্জাতিক ক্রিসমাস মেলায় বাংলাদেশ

- A Monitor Desk Report

Date: 09 December, 2025



ঢাকাঃ অন্যান্য বারের মতো এবারও ২ দিনব্যাপী আন্তর্জাতিক ক্রিসমাস বাজার অনুষ্ঠিত হয়েছে গ্রিসের রাজধানী এথেন্সে।

এথেন্সের গাজী এলাকায় ৬ ও ৭ ডিসেম্বর আন্তর্জাতিক ক্রিসমাস বাজারের আয়োজন করে সুপরিচিত গ্রিক মানবিক সংগঠন Friends of the Child।

এবার বাজারে অংশগ্রহণ করে বাংলাদেশ, পাকিস্তানসহ মোট ৪০টি। প্রতিটি দেশ তাদের নিজস্ব ঐতিহ্য, সংস্কৃতি, পোশাক, কারুশিল্প এবং ঐতিহ্যবাহী খাবার প্রদর্শন করে আন্তর্জাতিক দর্শকদের সামনে নিজেদের পরিচয় তুলে ধরছে।

এথেন্সের বাংলাদেশ দূতাবাসের স্টলটিতে বাংলাদেশের সমৃদ্ধ সংস্কৃতি, ঐতিহ্য এবং উন্নয়নচিত্র তুলে ধরা হয়। হাজারো আগত দর্শনার্থীরা বাংলাদেশের ঐতিহ্যবাহী খাবার, হস্তশিল্প, পোশাক, নকশিকাঁথা, সজ্জাসামগ্রী ইত্যাদির সঙ্গে পরিচিত হওয়ার সুযোগ পান।

দূতাবাসের সদস্যরা নারী ও শিশু দর্শনার্থীদের হাতে মেহেদির নকশা অঙ্কন করেন, যা দর্শকদের মধ্যে ব্যাপক সাড়া ফেলে।

দর্শনার্থীরা এক ছাদের নিচে বিশ্বের নানা দেশের ঐতিহ্যবাহী খাবার চেখে দেখা, দেশীয় পোশাক কেনা, উপহার সামগ্রী সংগ্রহসহ বহুসাংস্কৃতিক অভিজ্ঞতার সুযোগ পান।

Friends of the Child কর্তৃপক্ষ বাজার থেকে প্রাপ্ত সমগ্র আয় গ্রিসের সুবিধাবঞ্চিত, অনাথ এবং ঝুঁকিপূর্ণ অবস্থায় থাকা শিশুদের কল্যাণে ব্যয় করে থাকে।

সংগঠনটি বহু বছর ধরে শিশুদের চিকিৎসা, খাদ্য, শিক্ষা ও সুরক্ষায় কাজ করছে। আন্তর্জাতিক বাজারটি তাদের অন্যতম প্রধান বার্ষিক অর্থ সংগ্রহ কার্যক্রম।

